## খালিয়াজুরী উপজেলা পরিষদের আগস্ট/ ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| উপজেলা পরিষদ | খালিয়াজুরী |
| সভার তারিখ ও সময় | ৩১/০৮/২০২১ ,সময়: দুপুর ১২.০০ ঘটিকা |
| সভাপতি | জনাব সুমন চক্রবর্তী,চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ,খালিয়াজুরী,নেত্রকোণা। |
| উপস্থিত সদস্য | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভার কাজ পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত ২৫/০২/২০২১ খ্রি:তারিখের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা:

| ক্র: নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার বলেন যে,প্রাণী অফিসের স্বাভাবিক কাজকর্ম,চিকিৎসা,টিকা প্রদান কৃত্রিম প্রজনন,ঘাস চাষ ও খামার স্থাপনে জনগণকে উৎসাহ প্রদান কাজ যথাযথ ভাবে চলছে। চেয়ারম্যান ,খালিয়াজুরী ইউপি বলেন যে,লিপসিয়া বাজার প্রাণী সম্পদ অফিসটি খালিয়াজুরী এক কর্ণারে হওয়ায় সারা খালিয়াজুরী চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। খালিয়াজুরী মধ্যস্থলে হওয়ায় এখানে একটা সাব সেন্টার হলে চিকিৎসা সেবা বেশী হত। | আরো ভালভাবে কাজ করার এবং খালিয়াজুরীতে একটা সাব সেন্টার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন যে অতামনের অআবাদ হবে ৫০০ হে,ভাসমান বেডে সবজি উৎপাদন হচ্ছে। আমন মৌসুমে কৃষি যন্ত্রপাতি ভূর্তুকী মূল্যে প্রদান করা হবে। (কম্বাইন হারভেষ্টার,পাওয়ার, থ্রেসার,রিপার) ৭০% ভূর্তুকী মূল্য। কৃষক তালিকা পাঠানোর শেষ সময় ১৫/০৯/২০২১ খ্রি:। কৃষকদের আবেদনপত্র দেয়ার শেষ সময় ১০/০৯/২০২১ খ্রী:। মাঠের অবস্থা ভাল,আবাদ চলমান। আগস্ট মাসে ইউরিয়া সার ১০ মে.টন এবং নন ইউরিয়া সার [illegible]০ মে. টন বরাদ্দ দেয়া হয়েছে। উত্তোলন চলমান রয়েছে। | সরকারি সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৩ | শিক্ষা বিভাগ | উপজে[illegible] শিক্ষা অফিসার ব[illegible] যে,কোভিড-১৯ চলাকালীন সময়ে গোগুল মিট এর মাধ্যমে কৃষ্ণপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় ও মেন্দিপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্র থেকে পাঠদান চলমান রয়েছে। ২৩/০৮/২০২১ খ্রি: তারিখ হতে নিয়মিত শিক্ষকগণ বিদ্যালয়ে যাচ্ছেন। বিদ্যালয় গুলো চালুর জন্য সম্পূর্ণভাবে প্রস্তুত। প্রত্যেকটি বিদ্যালয়ে ছাত্র ছাত্রীর জন্য মাস্ক.ইনফারেড,থার্মোমিটার,হ্যান্ড স্যানিটাইজার,ব্লিচিং পাওডার,স্প্রে মেশিন ও হাত ধোয়ার সুব্যবস্থা আছে।যে কোন সময় নির্দেশনা পেলে চালু করা যেতে পারে। | সরকারি সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৪ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার বলেন যে, অফিসের কাজ কর্ম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নাই। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার বলেন যে,তার বিভাগের কার্যক্রম সুষ্ঠ ভাবে সম্পন্ন হচ্ছে। আগস্ট/২০২১ মাসে জাতীয় মৎস্য সপ্তাহ/ ২১,২৮ আগস্ট হতে ৩-রা সেপ্টেম্বর/২১ পর্যন্ত চলবে। মৎস্য সপ্তাহ সফল করার জন্য উপস্থিত সকলের সহযোগীতা কামনা করা হয়। বিভিন্ন ইউনিয়নের পুকুর মালীক দিগকে ইউনিয়নে নিয়োজিত কর্মী এবং মৎস্য অফিসের সহযোগীতায় মাছ চাষের পরামর্শ অব্যাহত আছে। | চাষ চাষের বিষয়ে জনগনের মাধ্যমে প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ০৬ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার বলেন যে,খালিয়াজুরী উপজেলার সমবায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। কোন সমস্যা নাই। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন যে,আমাদের বি,আর,ডি,বি অফিসে ১৬.৫ লক্ষ টাকা প্রনোদনা ঋন বিতরনের ফান্ড আসছে। নিয়ম অনুযায়ী উক্ত ঋন যাচাই বাচাই করে বিতরন করা হবে। তাছাড়া আমার অফিসের কাজ কর্ম স্বাভাবিক ও ভালভাবেই চলছে। আমার অফিসের রুমটি একটু সংস্কার করলে ভাল হয়। | যাচাইয়ান্তে ঋন বিতরন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ০৮ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বলেন যে,২০২০-২১ খ্রি: অর্থ বছরের কাজ সম্পন্ন হয়েছে। কিন্তু সকল প্রকল্পের মাস্টার রোল পাওয়া যায়নি। কিছু কিছু প্রকল্পের মাস্টার রোল সংশোধনের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। নতুন অর্থ বছরের কোন বরাদ্দ পাওয়া যায়নি। এছারাও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | মাস্টারোল সংশোধন করে দ্রুত প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ০৯ | জনস্বাস্থ্য বিভাগ | উপসহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য বলেন যে,আমার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। ২০২০-২১ অর্থ বছরের কাজ ৩১২ টি নলকুপ চলমান আছে। হাওর প্রকল্পের ২৪ টি ইম্পুভ লেট্রিন কাজ শেষের দিকে হস্তান্তরিত প্রক্রিয়া চলমান আছে। ২০২১-২২ অর্থ বছরের বরাদ্দকৃত নলকূপ ইউনিয়নে বন্টন করা হয়েছে। যার কাজ চলমান। | দ্রুত গতিতে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগ। |
| ১০ | পল্লী দারিদ্র্য বিভাগ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা বলেন যে,জুলাই মাসে/২০২১ মাসে ঋন বিতরন হয়নি। কোভিড-২০১৯ এর কারণে ঋন বিতরন বন্ধ ছিল। আগামী মাসে ঋণ বিতরন ও আদায় চালু হচ্ছে। অন্যান্য কার্যক্রম ভাল ভাবেই এগিয়ে চলছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ১১ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা অফিসার বলেন যে, শতভাগ ভাতার আওতায় বয়স্ক ও বিধবা অন লাইনে আবেদন চলছে। ৩১ আগস্ট আবেদনের শেষ তারিখ। আবেদনের পর হার্ডকপি ইউনিয়ন পরিষদে পাঠানোর পর ইউনিয়ন কমিটির অনুমোদনের সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে। প্রান্তিক প্রকল্পের আওতায় যারা কামার ,কুমার,বাশ বেত ও নাপিতের কাজ করে । তাদের জরিপ চলমান আছে। সকলে তালিকা পাঠানোর জন্য অনুরোধ করা হল। ক্যান্সার,কিডনী,লিভার,সিরোসিস ও স্ট্রোকের প্যারালাইজ রোগী যথাযথ কাগজ সহ অআবেদন করার জন্য অনুরোধ করা হল। | বিধি মোতাবেক জরুরী ভিত্তিতে তালিকা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ১২ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী বলেন যে,২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিলে ১ ম কিস্তি ২৬,২৪,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। সে হিসাবে ১,০৪,৯৬,০০০/- টাকা বরাদ্দ পাব। তার মধ্যে নীতিমালা মোতাবেক প্রকল্প কমিটি ৩০%-৩১,৪৮,৮০০/-,কেন্দ্রিয় প্রকল্প ১০%-১০,৪৯,৬০০/-,তদারকি ব্যয়-১%-১,০৫,০০০/-,আনুসংগিক ব্যয়-০.৫%-৫২,৫০০/-। বিভিন্ন ইউনিয়নে দরপত্রের মাধ্যমে বাস্তবায়ন করা হবে। ৬১,৪০,১০০/- সর্বমোট -১,০৪,৯৬,০০০/- টাকা। অআয়তন ও জ নসংখ্যার ভিত্তিতে নিয়ে বিভাজন করা হল।<br>০১।: মেন্দিপুর ইউনিয়নে বিভিন্ন গ্রামে ১২০ ফুট নলকুপ স্থাপন- ২,০০,০০০/- ভৌত অবকাঠামো।<br>২। বীরবিল্লাহ মাদ্রাসার রাস্তায় ব্রীজের পশ্চিম পাশে ব্লক স্থাপন- ২,০০,০০০/- আর্থ সামাজিক।<br>৩। চাকুয়া ইউনিয়নে বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ষ্টীল অ আলমারী সরবরাহ-২,০০,০০০/- আর্থ সামাজিক।<br>৪। রেবেকা মমিন বালিকা বিদ্যালয় আসবাবপত্র সরবাহ-২,০০,০০০/- আর্থ সামাজিক।<br>৫। খালিয়াজুরী সিদ্দিকুর রহমান বালিকা বিদ্যানিকেতন মাল্টা ক্লাস রুম নির্মান_২,০০,০০০/-আর্থ সামাজিক।<br>৬। উদয়পুর গ্রামে আরাধন সরকারের বাড়ীর সামনে ঘাটলা নির্মাণ- ২,০০,০০০/-আর্থ সামাজিক।<br>৭। কৃষ্ণপুর ইউনিয়নে অসহায় দরিদ্র্য মহিলাদের মাধ্যমে সেলাই মেশিন সরবরাহ-২,০০,০০০/-<br>৮। গাজীপুর ইউনিয়ন বিভিন্ন রাস্তায় রিং পাইপ স্থাপন-২,০০,০০০/-আর্থ সামাজিক।<br>৯। উপজেলার বিভিন্ন ইউনিয়নে সেলাই মেশিন সরবরাহ-২,০০,০০০/- আর্থ সামাজিক। | নীতিমালা অনুযায়ী কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১০। উপজেলার বিভিন্ন ইউনিয়নে সেলাই মেশিন সরবরাহ-১,০০,০০০/- আর্থ সামাজিক।<br>১১। উপজেলার বিভিন্ন ইউনিয়নে নলকুপ স্থাপন -২,০০,০০০/-আর্থ সামাজিক।<br>১২। উপজেলার বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে খেলাধুলা সরঞ্জাম সরবরাহ-২,০০,০০০/-আর্থ সামাজিক।<br>১৩। উপজেলার বিভিন্ন ইউনিয়নে স্প্র মেশিন সরবরাহ-২,০০,০০০/- আর্থ সামাজিক।<br>১৪। উপজেলার বিভিন্ন ইউনিয়নে বালিকা বিদ্যালয়ে ৬ ষ্ঠ হতে দশম শ্রেণী পর্যন্ত টিপিন বক্স সরবরাহ২,০০,০০০/-আর্থ সামাজিক।<br>১৫। খালিয়াজুরী উপজেলায় কৃষি খাতে উপকরন সরবরাহ-২,০০,০০০/- কৃষি ও সেচ<br>১৬। উপজেলার বিভিন্ন ইউনিয়নে দরিদ্র্য মহিলাদের মাঝে সেলাই মেশিন সরবরাহ-২,০০,০০০/- আর্থ সামাজিক।<br>সর্বমোট-৩১,০০,০০০/- | | |
| | | তিনি আরো বলেন যে,খালিয়াজুরী উপজেলার অর্ন্তভূক্ত কৃষ্ণপুর ইউনিয়নের শিবপুর মৌজার কুড়া বিলটি হিলিপ এলজিডির মাধ্যমে ২০১৬-২০১৭ অর্থ বছরে হিলিপ শীর্ষক আওতায় স্কীমটি অনুমোদন হয়। কিন্তু টাকা কম থাকায় এল,সি,এস এর মাধ্যমে খনন করা সম্ভব হয়নি। তাই কুড়া বিলটি টেন্ডারের মাধ্যমে খনন করার জন্য প্রস্তাব করেন। | টেন্ডারের মাধ্যমে খনন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | নির্বাহী বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,নতুন অর্থ বছরে ২৬,২৪,০০০/-টাকা বরাদ্দ পাইছি। গত অর্থ বছরে ছাগলের উপর প্রকল্প টাকা উত্তোলন করা হয়েছে। আজকে ছাগল বিতরণ করা হবে। নতুন অর্থ বছরের বিভাজন মোতাবেক ব্যবস্থা করা হবে।<br>১। মেন্দিপুর ও চাকুয়া ইউনিয়নে- ০৮টি<br>২। খালিয়াজুরী ,নগর,কৃষ্ণপুর ওগাজীপুরে- ১২টি<br>৩। ভাইস চেয়ারম্যান- ০২টি<br>৪। মহিলা ভাইসচেয়ারম্যান - ০২টি<br>৫। উপজেলা নির্বাহী অফিসার- ০৩টি<br>মোট- ২৭টি। | উক্ত প্রকল্প নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | তিনি আরোও বলেন যে,খালিয়াজুরী বিভিন্ন এলাকায় পতিত জমি রয়েছে। রবি শস্য করা হয়েছে। আরোও বেশী রবি শস্য ফলন বাড়াতে হবে। চেয়ারম্যান,চাকুয়া ইউপি বলেন যে,সরকারের কাছ থেকে পাওয়ার টিলার ব্যবস্থা করতে হবে। প্রত্যেক ইউনিয়নে সার,বীজ যথেষ্ট রয়েছে। এছারাও ধান কাটার মেশিন আছে। | পাওয়ার টিলার বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ১৪ | চেয়ারম্যান, গাজীপুর ইউপি | চেয়ারম্যান,গাজীপুর ইউপি বলেন যে,প্রথমে আমার সভাপতি মৃত্যু বরন করায় তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করি। ৪নং হোল্ডারে বেরী বাধে নিচু থাকায় মাটি দেয়া প্রয়োজন। আমার পশ্চিমের হাওরে গত বছর ৬,৫০,০০০/- টাকা কাজ হয়েছে এবছর কোন বরাদ্দ আসে নাই।তাই নতুন হোল্ডার সৃষ্টি করে আপনার কাছে অনুরুধ রইল। অন্যথায় বিরাট ক্ষতির সম্মুখিন হবে। | তালিকা সহ পিআইসি দ্রুত গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পানি উন্নয়ন বোর্ড |
| ১৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | জনাব সুমন চক্রবর্তী,চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, খালিয়াজুরী,নেত্রকোণা বলেন যে,বিভিন্ন বিভাগের বক্তব্য শুনেছি। উপজেলা প্রকৌশলীকে বলব বিভিন্ন প্রকল্প তড়িৎ গতিতে ব্যবস্থা নেয়ার জন্য। | বিভিন্ন প্রকল্প কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৬ | চেয়ারম্যান, নগর | চেয়ারম্যান,নগর ইউপি বলেন যে, আমার ইউনিয়নে কোন সমস্যা নাই। কাজ কর্ম সঠিকভাবে চলছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, নগর ইউপি |
| ১৭ | চেয়ারম্যান, কৃষ্ণপুর ইউপি | চেয়ারম্যান,নগর ইউপি বলেন যে, আমার ইউনিয়নে কোন সমস্যা নাই। কাজ কর্ম সঠিকভাবে চলছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, নগর ইউপি |

উপজেলা চেয়ারম্যান (ভারপ্রাপ্ত),মহোদয় বলেন যে,দেশে করোনা ভাইরাস ছড়িয়ে পড়েছে। তাই সকলকে সচেতন থাকতে হবে। জন সমাবেশ হতে দেয়া যাবে না। সকলকে মাস্ক,জীবানুমুক্ত ঔষধ ব্যবহার ও সামাজিক দুরত্ব বজায় রাখতে হবে। বিনা প্রয়োজনে ঘর হতে বাহিরে না যাওয়ার পরামর্শ দেন। এ কারণে স্বল্প পরিসরে স্বল্প সময়ে কাজ সমাপ্ত করার করার জন্য অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সুমন চক্রবর্তী
চেয়ারম্যান(ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
খালিয়াজুরী,নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৩৮.০০০.০০৬.১৮.২০-২৮৪

তারিখ: ৩১/০৮/২০২১খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে /জ্ঞাতার্থে ও কার্যার্থে।

০১। মাননীয় সংসদ সদস্য ১৬০,নেত্রকোণা-৪।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। জেলা প্রশাসক,নেত্রকোণা।
০৪। পরিচালক,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৫। উপ পরিচালক,স্থানীয় সরকার,নেত্রকোণা।
০৬. চেয়ারম্যান,উপজেলা পরিষদ,খালিয়াজুরী,নেত্রকোণা।
০৭: ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইসচেয়ারম্যান,উপজেলা পরিষদ,খালিয়াজুরী,নেত্রকোণা।
০৮। উপজেলা ........................ অফিসার,খালিয়াজুরী,নেত্রকোণা।
০৯। চেয়ারম্যান ........................ ইউপি (সকল),খালিয়াজুরী,নেত্রকোণা।
১০। সংশ্লিষ্ট নথি।

৩১.৮.২১

এ এইচ এম আরিফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
খালিয়াজুরী,নেত্রকোণা।
ফোন : ০৯৫২৬-৫৬০০১
ইমেইল: unokhaliajuri@yahoo.com